

জানায়ার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানায়ার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সম্প্রকাশকঃ শাইখ মুহাম্মদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

২: জানায়া পড়ার জন্য সমবেত করার উদ্দেশ্যে কারো মৃত্যু সংবাদ তার আলীয়-স্বজন এবং বন্ধু-বন্ধবকে দিলে কি তা নিষিদ্ধ মৃত্যু সংবাদ ঘোষণার আওতায় পড়বে নাকি তা বৈধ?

এটি বৈধ মৃত্যু সংবাদ ঘোষণার অন্তর্ভুক্ত। কারণ রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নাজাশীর মৃত্যুর দিনে তাঁর মৃত্যুর খবর দিয়েছিলেন। [1] তাছাড়া যে মহিলা মসজিদ ঝাড় দিত, ছাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু ‘আনহুম রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে তাঁর মৃত্যুর সংবাদ না দিয়ে দাফন করে ফেললে তিনি বলেন, ‘তোমরা যদি আমাকে খবরটি দিতে’। [2]

সুতরাং জানায়ায় বেশী মানুষ শরীক হওয়ার উদ্দেশ্যে কারো মৃত্যু সংবাদ দিলে কোন সমস্যা নেই। কেননা এ মর্মে হাদীছ বর্ণিত হয়েছে। তবে মৃত ব্যক্তিকে দাফনের পরে মৃত্যুসংবাদ ঘোষণা শরী‘আত সম্মত নয়; বরং তা নিষিদ্ধ মৃত্যুসংবাদ ঘোষণার অন্তর্ভুক্ত।

ফুটনোট

[1]. বুখারী, ‘জানায়া’ অধ্যায়, হা/১৩২৭; মুসলিম, ‘জানায়া’ অধ্যায়, হা/৯৫১।

[2]. বুখারী, ‘ছালাত’ অধ্যায়, হা/৪৫৮; মুসলিম, ‘জানায়া’ অধ্যায়, হা/৯৫৬।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=1659>

hadithbd.com

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন